

## বোরহানউদ্দিনে অধিকাংশ শিক্ষার্থী প্রতিষ্ঠানের বিজ্ঞানাগার জরাজীর্ণ

বোরহানউদ্দিন (জোলা) থেকে মো. বিদ্যালয়

জোলায় বোরহানউদ্দিন উপজেলার ৯টি ইউনিয়নের শিক্ষার্থী প্রতিষ্ঠানে বিজ্ঞান শিক্ষার প্রতি আশ্রয় হারিয়ে ফেলছে শিক্ষার্থীরা। দিন দিন ক্রমে যাচ্ছে এ বিভাগের ছাত্র-ছাত্রীর সংখ্যা। আবার অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে বিজ্ঞানাগার নেই। শিক্ষকসহ সপ্তাহের উদাসীনতা এবং অবহেলার কারণে বিপর্যয়ের মুখে পড়ছে বিজ্ঞান শিক্ষা। অগ্রহ বাকলেও সুযোগ-সুবিধা না থাকায় ছাত্র-ছাত্রীরা বিজ্ঞান বিষয় পড়াশোনা করতে এগিয়ে আসছে না। বোরহানউদ্দিন উপজেলার সরস্বতিনীয়ে ঘুরে দেখা যায়, বিদ্যালয়গুলোতে যে বিজ্ঞানাগার আছে তাকে নেই কোন বৈজ্ঞানিক যন্ত্রপাতি। আবার যেসব বিদ্যালয়ে সামান্য যন্ত্রপাতি আছে সেগুলো সঠিকভাবে রক্ষণাবেক্ষণ না করার নষ্ট হয়ে যাচ্ছে। মাসকে মাস তাল্লা বন্ধ থাকে গবেষণাগার। এমনও বিদ্যালয়ে আছে সেখানে নবম শ্রেণীতে শতাধিক ও দশম শ্রেণীতে শতাধিক ছাত্র-ছাত্রী রয়েছে। কিন্তু উভয় শ্রেণীতে বিজ্ঞান বিভাগে ছাত্র-ছাত্রী তারও নিচে রয়েছে। আবার কোন কোন বিদ্যালয়ে বিজ্ঞানাগার থাকলেও সেখানে উল্লেখযোগ্য

কোন যন্ত্রপাতি নেই। দীর্ঘদিন ধরে ওইসব বিদ্যালয়ে বিজ্ঞানাগার ব্যবহৃত হয় না। না হওয়ার কারণে বিজ্ঞানাগারের যন্ত্রপাতি দিন দিন নষ্ট হয়ে যাচ্ছে। বিজ্ঞান শিক্ষকরাও শিক্ষার্থীদের বিজ্ঞান নিয়ে পড়তে উৎসাহ দেয় না। শিক্ষকদের আশ্রয় না থাকলে শিক্ষার্থীদের আশ্রয় থাকবে কিভাবে? শিক্ষকদের বিজ্ঞান বিষয়ে আশ্রয় থাকতে হবে বেশি, না হলে বিজ্ঞান শিক্ষা বিফল হবে। বোরহানউদ্দিন উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষকরা ইনকিলাবকে জানান, এটা সত্য যে বোরহানউদ্দিনের অধিকাংশ শিক্ষার্থী প্রতিষ্ঠানে বিজ্ঞানাগারের বেহালদশা এবং ছাত্র-ছাত্রীদের তেমন একটা আশ্রয় নেই। আবার ছাত্র-ছাত্রীর সংখ্যা বিজ্ঞান বিভাগে অনেক কম। বোরহানউদ্দিন উপজেলার বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে আপাতকালে তারা জানান, বোরহানউদ্দিন উপজেলার অধিকাংশ শিক্ষার্থী প্রতিষ্ঠানে বিজ্ঞানাগারের বেহালদশা এটা সত্য আবার যে সকল শিক্ষার্থী প্রতিষ্ঠানে বিজ্ঞানাগার আছে সেগুলোর যন্ত্রপাতি খুব খারাপ অবস্থায় রয়েছে। তারা আরো জানান, বোরহানউদ্দিন উপজেলায় অনেক শিক্ষার্থী প্রতিষ্ঠানে বিজ্ঞানাগার নেই।